

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $১০ \times ৪ = ৪০$

- (ক) মহাকাব্যের শ্রেণীবিভাগ সম্বন্ধে যা জান, লেখো। বাংলা ভাষায় প্রাপ্ত ভারতীয় মহাকাব্য হিসাবে পরিচিত রচনাগুলো কোন্ কোন্ শ্রেণীভুক্ত তা কারণসহ উল্লেখ করো। $৫+৫=১০$
- (খ) মহাকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও।
- (গ) 'আৰ্ষ' ও 'সারস্বত' মহাকাব্যের মধ্যে উদাহরণসহ একটি তুলনামূলক আলোচনা করো।
- (ঘ) গীতিকবিতার শ্রেণীবিভাগগুলো উল্লেখ করে যে কোনো দুটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।
- (ঙ) উদাহরণসহ গীতিকবিতার সাধারণ বৈশিষ্ট্যগুলো পর্যালোচনা করো।
- (চ) ট্র্যাজেডি নাটক কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও। $৫+৫=১০$
- (ছ) সংস্কৃত নাটকের 'পঞ্চসন্ধি' কী? পাশ্চাত্য নাট্যরীতি অনুযায়ী এর সমতুল্য বিভাগ কোনগুলো? আলোচনা করো। $২+২+৬=১০$
- (জ) উপন্যাস শিল্পের উৎস বিষয়ে একটি আলোচনা প্রস্তুত করো।
- (ঝ) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা কী? এর বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- (ঞ) একটি সার্থক ছোটগল্পের বৈশিষ্ট্য সম্পর্কে পর্যালোচনা করো।

★ ★ ★

2 0 2 2

BENGALI

Paper : BEN-HC-6016

(সাহিত্যের সংজ্ঞা ও সংরূপ)

(Honours Core)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

- ১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : $১ \times ১০ = ১০$
- (ক) 'ঈনিড' মহাকাব্যটির রচয়িতা কে?
- (খ) রাজস্থানের চারণকবিরা কোন্ ভাষায় রাজপুত বীরপুরুষদের কাহিনি গান বা ছড়ার আকারে পরিবেশন করতেন?
- (গ) 'মহাভারত'-এর আখ্যান অবলম্বনে রচিত শ্রীহর্ষের কাব্যটির নাম লেখো।
- (ঘ) আলঙ্কারিক মহাকাব্যকে অন্য কী নামে চিহ্নিত করা হয়ে থাকে?
- (ঙ) 'Epic' শব্দটি কোন্ ভাষা থেকে গৃহীত হয়েছে?
- (চ) ভারতবর্ষে কে প্রথম প্রথাসিদ্ধ ছোটগল্প লিখেছেন?

(2)

- (ছ) খ্রিস্টপূর্ব সপ্তম শতকে বিদ্যমান একজন গ্রিক মহিলা কবির নাম লেখো।
- (জ) একটি সনেটে কতগুলো পংক্তি থাকে?
- (ঝ) ইউরোপের যাজক সমাজে ধর্মীয় প্রেরণায় যে ধরনের নাটক মধ্যযুগে রচিত ও অভিনীত হতো তার যে কোনো এক প্রকার নাটকের নাম লেখো।
- (ঞ) ফরাসী ভাষায় উপন্যাসকে কী বলা হয়?
- (ট) 'মুদ্রারাক্ষস' নাটকের রচয়িতা কে?
- (ঠ) Clouds, Birds, Frogs ইত্যাদি রূপকের আড়ালে খ্রিস্টপূর্ব পঞ্চম শতকে কোন্ পাশ্চাত্য নাট্যকার কমেডি রচনা করেছিলেন?
- (ড) *The Theatre and Dramatic Theory* গ্রন্থটির লেখক কে?
- (ঢ) কোন্ দেশে প্রথম গদ্য আখ্যান লেখা হয়েছিল?
- (ণ) কে সর্বপ্রথম ছোটগল্প রচনার নিয়মনীতি বেঁধে দেওয়ার চেষ্টা করেছেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- (ক) ইউরোপে কবে থেকে মৌখিক লোকগাথা ব্যালাড নামে পরিচিত হয়েছে? এর মূল ল্যাটিন শব্দটি কী?
- (খ) আর্ষ মহাকাব্য রচয়িতা যে কোনো দুজন মহাকবির নাম লেখো।
- (গ) কৃষকদের মুখ থেকে সংগৃহীত ফিনল্যান্ড ও এস্টোনিয়ার দুটি জাতীয় বীরত্বের গৌরবময় কাহিনির নাম লেখো।

(3)

- (ঘ) বাণভট্ট কোন্ শতকের লেখক? তাঁর রচিত একখানা গ্রন্থের নাম লেখো।
- (ঙ) সোহরাব-রুস্তমের গল্প কোন্ মহাকাব্যের অন্তর্গত? এর রচনাকার কে?
- (চ) সংস্কৃত রূপকের কতগুলো ভেদ আছে? উপরূপকের সংখ্যা কয়টি?
- (ছ) কমেডির দুটি স্তর কী কী?
- (জ) ইউরোপ-আমেরিকার দুজন ছোটগল্প রচয়িতার নাম লেখো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

- (ক) সনেটের বৈশিষ্ট্যগুলোর পরিচয় দাও।
- (খ) ব্যালাডের উৎস সম্বন্ধে যা জান, লেখো।
- (গ) Primitive Epic কোনগুলো? এর পরিচয় দাও।
- (ঘ) গ্রিক নাটকের 'ত্রয়ী ঐক্য' সম্বন্ধে কী জান, লেখো।
- (ঙ) সংস্কৃতে রচিত প্রাচীন গদ্য আখ্যায়িকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (চ) পাশ্চাত্য রীতি অনুযায়ী নাটক-নাট্যকার শ্রেণীবিভাগ সম্বন্ধে যা জান, লেখো।
- (ছ) প্রাচীন ভারতবর্ষে গল্প রচনাধারার একটি সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।
- (জ) টীকা লেখো :
'পঞ্চতন্ত্র' অথবা 'হিতোপদেশ'